

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
২২/বি ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

ব্লটিন কাজের অতিরিক্ত শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ ও গুরুত্বপূর্ণ কার্যসম্পাদনের জন্য ডেসকো'র নিয়মিত কর্মকর্তা ও বহিঃসদস্য হিসাবে অন্য সংস্থার কর্মকর্তাগণকে নিয়ে গঠিত কমিটির সদস্যগণকে সম্মানি প্রদান সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন বিধায় ডেসকো'র চাকুরী বিধি ২০১৭ এর উপবিধি ৬.১ এ প্রদত্ত ক্ষমতাবলে অত্র নীতিমালা প্রণয়ন করা হলো।

১.০ শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ

- ১) এই নীতিমালা "ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর বিভিন্ন কমিটির সদস্যগণের সম্মানি প্রদান নীতিমালা-২০১৯" নামে অভিহিত হবে;
- ২) এটি ডেসকো-তে কর্মরত নিয়মিত সকল কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ৩) নীতিমালাটি ০১ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হতে কার্যকর হবে।

২.০ সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না হলে, এই নীতিমালায়-

- ক) 'উপযুক্ত কর্তৃপক্ষ' অর্থ ডেসকো'র বিদ্যমান Administrative/ Financial Delegation দ্বারা ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা;
- খ) 'কোম্পানি' অর্থ ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড তথাঃ ডেসকো;
- গ) 'কমিটি' অর্থ কোম্পানি কর্তৃক দপ্তরাদেশ জারির মাধ্যমে গঠিত কমিটি;
- ঘ) 'কমিটির সদস্য' অর্থ 'গ' মোতাবেক গঠিত কমিটির নিয়মিত সদস্য এবং কো-অপ্টকৃত সদস্য;
- ঙ) 'টানকি প্রজেক্ট' অর্থ এমন প্রকল্পকে বুঝাবে যেখানে সরবরাহকারী ক্রেতার নিকট প্রকল্পের সম্পূর্ণ ফলাফলের জন্য দায়বদ্ধ থাকে এবং সম্পূর্ণভাবে কার্য সমাপ্তিপূর্বক ব্যবহার উপযোগী করে ক্রেতার নিকট হস্তান্তর করে;
- চ) 'নেগোসিয়েশন' অর্থ ক্রেতা ও বিক্রেতার মধ্যে ক্রয়ের শর্তাবলী ও দর নিয়ে সমঝোতা-পৌছানো;
- ছ) 'কর্মকর্তা' অর্থে কর্মচারীও অন্তর্ভুক্ত হবে। এছাড়াও কমিটি বহিঃসদস্য হিসাবে অন্তর্ভুক্ত অন্য সংস্থার কর্মকর্তা বুঝাবে;
- জ) 'নীতিমালা' অর্থ বোর্ড কর্তৃক অনুমোদিত নীতিমালা অথবা বিধি;
- ঝ) 'ইন্ডেন্টরি' অর্থ ডেসকো'র সকল দপ্তর, কেন্দ্রীয় ভান্ডার, বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগের স্টোরসমূহের সকল সম্পত্তি ও মালামালের গণনা/পরিমাপের মাধ্যমে প্রভুতকৃত বিবরণ;
- ঞ) 'সাপ্লিমেন্টারি বিল' অর্থ ডেসকো'র কোনো গ্রাহকের বৈদ্যুতিক মিটারের ত্রুটি বা অন্য কোনো কারণে প্রকৃত বিদ্যুৎ ব্যবহার অপেক্ষা কম বিদ্যুৎ বিল ইস্যু বা গ্রাহক কর্তৃক মিটার বিহীন/মিটারে অবৈধ হস্তক্ষেপ অথবা অন্য কোনো উপায়ে অবৈধ বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণের ভিত্তিতে টারিফ বুলস এর ধারা অনুযায়ী ক্ষতিগ্রস্ত ইউনিটের বিপরীতে ইস্যুকৃত বিল।
- ট) ব্যবহৃত Abbreviation:

TEC : Technical Evaluation Committee

PEC : Proposal Evaluation Committee

QEC	: Quotation Evaluation Committee
TDRC	: Tender Document Review Committee
PRC	: Proposal Review Committee
TOC	: Tender Opening Committee
POC	: Proposal Opening Committee
OTM	: Open Tendering Method
DPM	: Direct Purchase Method
TSC	: Technical Sub Committee

৩.০ প্রাপ্যতা

নিম্নলিখিত বিষয়াদি যথাযথভাবে নিশ্চিত হওয়া সাপেক্ষে কমিটির সদস্যগণ অনুচ্ছেদ ৪.০ এর নির্ধারিত হারে সম্মানি প্রাপ্য হবেন।

- ১.১ ডেসকো লিমিটেড কর্তৃক দপ্তরাদেশ জারির মাধ্যমে গঠিত কমিটি;
- ১.২ উক্ত কমিটির নির্ধারিত সময়সীমার মধ্যে প্রতিবেদন প্রণয়ন ও তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করলে;
- ১.৩ বর্ণিত কমিটিসমূহে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোনো সদস্য Co-opt করা হলে।

৪.০ সম্মানির হার

৪.১ দরপত্র মূল্যায়ন কমিটি (TEC/PEC/QEC) এর সম্মানির হার

ডেসকো লিমিটেড এর ক্রয় কার্যক্রম (Goods & Related services, Works & Physical Services, Consulting Services, Turnkey Project and Others) এ Manually বা e-GP এর মাধ্যমে আহবানকৃত Tender/EOI & RFP/RFQ এর বিপরীতে দাখিলকৃত দরপত্র / প্রস্তাবনাসমূহ (কারিগরি ও আর্থিক; সার্ভিসের প্রযোজ্য ক্ষেত্রে EOI ও Negotiation সহ) ডকুমেন্টের শর্তানুযায়ী মূল্যায়নপূর্বক যথারীতি প্রতিবেদন দাখিলের জন্য নিয়োক্ত হারে সম্মানি প্রাপ্য হবেন।

‘ক’ হতে ‘ঘ’ পর্যন্ত কমিটির সদস্য হবেন ন্যূনতম ৫ (পাঁচ) জন সর্বোচ্চ ৭ (সাত) জন।

- ক) ১০০ (একশত) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে :
প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৪,০০০/- (চার হাজার) টাকা হারে,
সর্বোচ্চ ৪ (চার) টি সভার জন্য ১৬,০০০/- (ষোল হাজার) টাকা;
- খ) ৩০ (ত্রিশ) কোটি হতে ১০০ (একশত) কোটি টাকার পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে :
প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৩,৫০০/- (তিন হাজার পাঁচ শত) টাকা হারে,
সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ১০,৫০০ (দশ হাজার পাঁচশত) টাকা;
- গ) ১০ (দশ) কোটি টাকার উর্ধ্ব হতে ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:
প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে,
সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ৯,০০০ (নয় হাজার) টাকা; ✓
- ঘ) ১ (এক) কোটি টাকার উর্ধ্ব হতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:
প্রতি সভার জন্য সদস্য-প্রতি ২,৫০০/- (দুই হাজার পাঁচ শত) টাকা হারে,
সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ৭,৫০০ (সাত হাজার পাঁচ শত) টাকা; ✓

৬) ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে
প্রতি সভার জন্য সদস্য-প্রতি ১,০০০ (এক হাজার) টাকা হারে,
সর্বোচ্চ ২ (দুই) টি সভার জন্য ২,০০০ (দুই হাজার) টাকা;

৮) Request for Quotation (RFQ)
প্রতিটি RFQ এর বিপরীতে প্রাপ্ত কোটেশন মূল্যায়ন ও প্রতিবেদন দাখিলের জন্য কমিটির
সদস্যগণ ১,০০০/- টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন। এক্ষেত্রে সদস্য সংখ্যা সর্বোচ্চ ৩ (তিন) জন
হবে এবং একটি সভার মাধ্যমে মূল্যায়ন কার্য সম্পাদন করবে।

৪.২ টেন্ডার/আরএফপি ডকুমেন্ট রিভিউ করার জন্য TDRC/PRC এর সম্মানির হার
ডেসকো লিমিটেড এর যাবতীয় মালামাল ক্রয়, সার্ভিস ও পূর্ত কাজের টেন্ডার ডকুমেন্ট যাবতীয়
নিয়ম অনুসরণপূর্বক তৈরি করা হয়েছে কিনা, ডকুমেন্টে কোনোরূপ সংশোধনী প্রয়োজন আছে
কিনা তা পরীক্ষাপূর্বক নিশ্চিত করার জন্য গঠিত টেন্ডার ডকুমেন্ট রিভিউ কমিটির প্রত্যেক সদস্য
প্রতিটি টেন্ডার/আরএফপি (স্থানীয়/ আন্তর্জাতিক) ডকুমেন্ট রিভিউ এর জন্য ১,০০০ (এক হাজার)
টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।

৪.৩ দরপত্র/প্রস্তাবনাসমূহ খোলার জন্য কমিটি (TOC/ POC) এর সম্মানির হার
ডেসকো লিমিটেড এর বিভিন্ন ধরনের মালামাল ক্রয়, সেবা গ্রহণ ও পূর্ত নির্মাণসহ বিভিন্ন ক্রয়
কার্যক্রমের জন্য আহ্বানকৃত দরপত্র/প্রস্তাবনা সমূহ উন্মুক্তকরণ (Manual ও e-GP) এর ক্ষেত্রে
কমিটির সদস্যগণ প্রত্যেকে প্রতিটি টেন্ডারের বিপরীতে ১,০০০/- (এক হাজার) টাকা হারে সম্মানি
প্রাপ্য হবেন।

৪.৪ দরপত্র/প্রস্তাবনা মূল্যায়নে কারিগরি উপ-কমিটি এর সম্মানির হার
ডেসকো লিমিটেড এর মালামাল ক্রয় কার্যক্রমে কিছু কিছু ক্ষেত্রে (OTM/DPM/Others)
চাহিদার পরিপ্রেক্ষিতে দরদাতাগণ কর্তৃক দাখিলকৃত নমুনা (Sample) ডেসকো'র প্রদত্ত
স্পেসিফিকেশন এর আলোকে পর্যবেক্ষণ/ল্যাবরেটরীতে পরীক্ষা এবং গুণগতমান যাচাই পূর্বক
যথার্থি প্রতিবেদন দাখিলের জন্য গঠিত কারিগরি উপ-কমিটি (Technical Sub-
Committee)'র সদস্যগণ প্রত্যেকে প্রতিটি দরপত্র/প্রস্তাবনার জন্য নিম্নোক্ত হারে সম্মানি প্রাপ্য
হবেন।

ক) ৩০ (ত্রিশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে:
সদস্য-প্রতি ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) টাকা,

খ) ১০ (দশ) কোটি টাকার উর্ধ্ব হতে ৩০ (ত্রিশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:
সদস্য-প্রতি ৩,০০০ (তিন হাজার) টাকা,

গ) ১ (এক) কোটি টাকার উর্ধ্ব হতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:
সদস্য-প্রতি ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা,

ঘ) ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:
সদস্য-প্রতি ১,০০০ (এক হাজার) টাকা,

- 8.৫ টার্নকি প্রজেক্ট এর Design এবং Specification যাচাই/মূল্যায়ন ও অনুমোদন কমিটির সম্মানির হার
টার্নকি প্রজেক্ট এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/উন্নয়ন কার্যক্রম এর Design এবং Specification যাচাই/মূল্যায়ন ও অনুমোদনের জন্য গঠিত কমিটির সদস্যগণ একটি প্রকল্পের আওতায় সমুদয় Design এবং Specification মূল্যায়ন/যাচাই এবং অনুমোদনের জন্য প্রত্যেকে ৩,০০০/- (তিন হাজার) টাকা করে সম্মানি প্রাপ্য হবেন। সর্বোচ্চ ৫ (পাঁচ)টি সভার জন্য ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রদান করা হবে।
- 8.৬ Pre Delivery-Inspection (PDI) কমিটির সম্মানির হার
দেশের অভ্যন্তরে প্রতিটি কার্যাদেশ বা ক্রয় চুক্তির বিপরীতে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পূর্বে সরবরাহতব্য মালামালসমূহ কার্যাদেশ বা ক্রয় চুক্তিতে বর্ণিত শর্তাবলী এবং specification অনুযায়ী প্রস্তুত করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য গঠিত PDI Committee এর বহিঃ সদস্যগণ প্রত্যেকে প্রতিটি PDI সম্পন্নের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন। এক্ষেত্রে কমিটির সদস্যগণ যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন।
- 8.৭ Post Landing Inspection (PLI) কমিটির সম্মানির হার
ডেসকো লিমিটেড এর প্রতিটি কার্যাদেশ বা ক্রয় চুক্তির বিপরীতে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত মালামালসমূহ কার্যাদেশ বা ক্রয় চুক্তিতে বর্ণিত শর্তাবলী এবং specification অনুযায়ী সরবরাহ করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য গঠিত PLI Committee-এর বহিঃ সদস্যগণ প্রত্যেকে প্রতিটি PLI সম্পন্নের জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন। এক্ষেত্রে কমিটির সদস্যগণ যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন।
- 8.৮ নেগোসিয়েশন কমিটির জন্য সম্মানির হার
সরাসরি ক্রয় পদ্ধতির আওতায় মালামাল ক্রয়ের ক্ষেত্রে দাখিলকৃত কারিগরী ও আর্থিক প্রস্তাবনা/ যাচাই এবং যৌথ আলোচনার মাধ্যমে আনুষঙ্গিক শর্তাদি নির্ধারণসহ চূড়ান্ত মূল্য (Negotiated Price) নির্ধারণ করতঃ সুপারিশসহ যথারীতি প্রতিবেদন আকারে দাখিলান্তে Negotiation কমিটির সদস্যগণ প্রত্যেকে ৩,০০০ (তিন হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।
- 8.৯ Condemnation কমিটির সম্মানির হার
ডেসকো লিমিটেড এর অব্যবহৃত/বিনষ্ট/অকেজো মালামাল Condemnation ঘোষণা করার জন্য একটি অনুমোদিত নীতিমালা অনুযায়ী কোন Condemn প্রস্তাবের Salvage Value পঞ্চাশ লক্ষ টাকার উর্ধ্বে হলে নীতিমালায় বর্ণিত কমিটির সদস্যগণ প্রত্যেকে condemnation এর সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।
- 8.১০ Disposal কমিটির সম্মানির হার
ডেসকো লিমিটেড এর অব্যবহৃত বিনষ্ট/অকেজো মালামাল Disposal করার জন্য অনুমোদিত নীতিমালায় বর্ণিত কমিটির সদস্যগণ প্রত্যেকে প্রতিটি অফিস আদেশের বিপরীতে Disposal সম্পন্ন করার জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।

8.১১ নিয়োগ সংক্রান্ত আবেদনপত্র যাচাই-বাছাই কমিটির সম্মানির হার

নতুন কর্মকর্তা-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক আবেদনপত্রসমূহ যথাযথ আছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য গঠিত যাচাই-বাছাই কমিটির সদস্যগণ প্রত্যেকে ১টি সাকুলার এর বিপরীতে প্রাপ্ত সকল আবেদন যাচাই-বাছাই এর জন্য নিয়োজিত হারে সম্মানি প্রাপ্য হবেন।

আবেদনের সংখ্যা	সদস্য প্রতি সম্মানি
< ১০০	প্রযোজ্য নহে। এইচআর বিভাগের কর্মকর্তা কর্তৃক সরাসরি বাছাই করা হবে।
১০১-১০০০	৳ ১,০০০ (এক হাজার) টাকা
১০০১-২০০০	৳ ২,০০০ (দুই হাজার) টাকা
২০০১-৫০০০	৳ ৪,০০০ (চার হাজার) টাকা
৫০০১-১০,০০০	৳ ৬,০০০ (ছয় হাজার) টাকা
> ১০,০০০	৳ ৭,০০০ (সাত হাজার) টাকা

8.১২ নিয়োগ ও পদোন্নতির জন্য গঠিত সিলেকশন কমিটির সম্মানির হার

নতুন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ অথবা পদোন্নতির ক্ষেত্রে মৌখিক পরীক্ষার জন্য গঠিত কমিটির সদস্যগণ প্রত্যেকে মৌখিক পরীক্ষা গ্রহণ বাবদ প্রতিদিন নিয়োজিত হারে সম্মানি প্রাপ্য হবেন।

- ক) পে-গ্রেড-১ থেকে পে-গ্রেড - ৭ এর ক্ষেত্রে - কমিটির সদস্যগণ বোর্ড মিটিং-এ অংশগ্রহণ বাবদ বোর্ড সদস্যগণের অনুরূপ সম্মানি প্রাপ্য হবেন;
- খ) পে-গ্রেড-৮ বা তার নিম্নের গ্রেড এর ক্ষেত্রে - কমিটির সকল সদস্য ৳ ৭,০০০ (সাত হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।

8.১৩ আউটসোর্সিং প্রতিষ্ঠানসমূহের জনবল যাচাই-বাছাই এর জন্য গঠিত কমিটির সম্মানির হার

আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের লোকবলের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্রাদি যাচাই-বাছাই ও ইন্টারভিউ এর জন্য প্রতিদিন কমিটির সদস্যগণ প্রত্যেকে ২,০০০ (দুই হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।

তবে, ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবল পরিবর্তনের ক্ষেত্রে যাচাই-বাছাইয়ের জন্য কমিটির সদস্যগণ কোনো সম্মানি প্রাপ্য হবেন না।

8.১৪ Inventory কমিটির সম্মানির হার

ডেসকো লিমিটেড এর কেন্দ্রীয় ভান্ডার এবং বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগের স্টোরসমূহের বার্ষিক ইনভেন্টরি প্রতিবেদন দাখিল বাবদ ইনভেন্টরি কমিটির সদস্যগণ প্রত্যেকে নিয়োজিত হারে সম্মানি প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
কেন্দ্রীয় ভান্ডার ও সাব-স্টোরে সংরক্ষিত সকল মালামালের ইনভেন্টরি	৳ ৩,০০০ (তিন হাজার) টাকা
প্রতিটি এস এন্ড ডি স্টোরে সংরক্ষিত সকল মালামালের ইনভেন্টরি	৳ ১,০০০ (এক হাজার) টাকা

৪.১৫ সাপ্লিমেন্টারি বিল রিভিউ (SBR) কমিটির সম্মানির হার
বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগে গ্রাহকের নামে জারিকৃত প্রতি ২৫ (পঁচিশ) টি
Supplementary Bill review আবেদন নিষ্পত্তিকরণ বাবদ কমিটির প্রত্যেক সদস্য
২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।

৪.১৬ ডেসকো'র বার্ষিক প্রতিবেদন প্রস্তুত কমিটির সম্মানির হার
ডেসকো লিমিটেড এর বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে বিভিন্ন দপ্তর হতে তথ্য উপাত্ত সংগ্রহ,
সংকলন ও প্রয়োজনীয় সংশোধন করে মুদ্রণ উপযোগী-করার জন্য গঠিত কমিটির সদস্যগণ
প্রত্যেকে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন।

৪.১৭ বার্ষিক ডিভিডেন্ড মাচাই/বাছাই কমিটির সম্মানি হার
ডেসকো লিমিটেড এর সম্মানিত শেয়ার হোল্ডারগণের জন্য বার্ষিক সাধারণ সভায় ঘোষিত
ডিভিডেন্ড এর পরিমাণ, কর্তব্যযোগ্য আয়কর, নিট ডিভিডেন্ড ইত্যাদি মাচাই বাছাই করার জন্য
গঠিত কমিটি সদস্যগণ প্রতি ৫০০ শেয়ার হোল্ডারের জন্য ৫০০ (পাঁচ শত) টাকা হারে সম্মানি
প্রাপ্য হবেন। গঠিত কমিটিতে সদস্য সংখ্যা হবে সর্বোচ্চ ৫ (পাঁচ) জন।

৪.১৮ পলিসি/ডকুমেন্ট প্রণয়ন/পরিমার্জন কমিটির সম্মানির হার
কোনো বিষয়ে সুনির্দিষ্ট কোনো নীতিমালা নেই এরূপ ক্ষেত্রে নীতিমালা প্রণয়ন অথবা বিদ্যমান
নীতিমালাকে যুগোপযোগী করে সংশোধনী আকারে প্রণয়ন, অর্গানোগ্রাম প্রণয়ন/রিভিউ, জব
ডেসক্রিপশন প্রণয়ন/রিভিউ, পে-ফিল্ডেশন (৫০ জন এর উর্ধ্বে) কমিটির সদস্যগণ প্রত্যেকে
নিম্নোক্ত হারে সম্মানি প্রাপ্য হবেন।

বিবরণ	সম্মানির হার
নির্বাহী পরিচালক	৳ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা
প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক	৳ ৪,০০০ (চার হাজার) টাকা
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক	

বর্ণিত ছক অনুযায়ী কমিটির আহ্বায়কের সম্মানি নির্ধারিত হবে। কমিটির সদস্যগণ আহ্বায়কের অনুরূপ
সম্মানি প্রাপ্য হবেন।

৪.১৯ বোর্ড কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত ডেসকোর কর্মকর্তাগণের সম্মানির হার
বোর্ড কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত ডেসকো লিমিটেড এর কোনো নির্বাহী পরিচালক বা
কোনো কর্মকর্তা বোর্ড সদস্যের সমন্বয়ে সম্মানি প্রাপ্য হবেন।

৪.২০ কমিটিতে সহায়ক হিসেবে অন্তর্ভুক্ত কর্মচারীগণের সম্মানির হার
কমিটিতে সহায়ক হিসেবে অন্তর্ভুক্ত কর্মচারীগণের সম্মানির হার ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক নির্ধারণ
করা হবে।

৪.২১ নিয়োগ প্রদানের লক্ষ্যে লিখিত পরীক্ষার প্রশ্নপত্র তৈরির জন্য সম্মানির হার
ডেসকো লিমিটেড এর বিভিন্ন পদে লোকবল নিয়োগ প্রদানের লক্ষ্যে লিখিত পরীক্ষার প্রশ্নপত্র
ডেসকো'র কর্মকর্তাগণ কর্তৃক প্রস্তুত করা হলে প্রত্যেক প্রশ্ন প্রণয়নের জন্য প্রতিজন ৩,০০০/-
(তিন হাজার) টাকা হারে সম্মানি প্রাপ্য হবেন। কমিটির সদস্য সংখ্যা হবে ন্যূনতম ৩ (তিন) জন
এবং সর্বোচ্চ ৫ (পাঁচ) জন।

৪.২২ নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য সম্মানির হার


ডেসকো লিমিটেড এর বিভিন্ন পদে লোকবল নিয়োগের জন্য লিখিত পরীক্ষা ডেসকো কর্তৃক গ্রহণ করা হলে পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রত্যেক সদস্যকে খাতা প্রতি ৩০/- টাকা অথবা প্রতিজন সর্বনিম্ন ১,০০০/- (এক হাজার) টাকা সম্মানি প্রাপ্য হবেন।

৪.২৩ নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষার দায়িত্ব পালনের জন্য সম্মানির হার

ডেসকো লিমিটেড এ বিভিন্ন পদে লোকবল নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষার দায়িত্ব পালনের জন্য কর্মকর্তাগণকে ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানি প্রদানের প্রস্তাব করা হবে। অন্যদের সম্মানি ব্যবস্থাপনা পরিচালক নির্ধারণ করবেন।

৫.০ এই নীতিমালা সময়ে সময়ে প্রয়োজনানুযায়ী বোর্ড কর্তৃক সংযোজন/বিয়োজন/পরিবর্ধন/পরিমার্জন করা যাবে।

সমাপ্ত -



Memo No. DESCO/HQ/ADMIN-A(4)/IOM-4/2014/448

তারিখ : ১৩ ফাল্গুন ১৪২০ বঙ্গাব্দ
25 February 2014

আন্তঃ অফিস স্মারক

DESCO Office of the CE (S & D Operation)
Received No:..... 605
Received by:.....
Date:..... 26/2/14

প্রতি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী (এসএন্ডডি অপা./নেটওয়ার্ক অপারেশন/পিএন্ডডি/ডি এন্ড পি)/মহাব্যবস্থাপক (সংগ্রহ)।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পি এন্ড ডি/ম্যাটেরিয়াল প্ল্যানিং এন্ড স্টোরস/প্রকিউরমেন্ট, ইন্সপেকশন এবং টেস্টিং/ডেভেলপমেন্ট এন্ড মিটার প্ল্যান্ট/আইসিটি/সাবস্টেশন এন্ড নেটওয়ার্ক/এস এন্ড ডি অপারেশন (উত্তরা জোন)/প্রশাসন/প্রজেক্টস/অর্থ/এস এন্ড ডি অপারেশন (গুলশান/মিরপুর জোন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচ আর এম/ইন্টারনাল অডিট/হিসাব)/কোম্পানী সচিব।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (পল্লবী/টঙ্গী পশ্চিম/আগারগাঁও/কাফরুল/উত্তরা (পূর্ব)/গুলশান/শাহআলী/টঙ্গী (পূর্ব)/ বারিধারা/রূপনগর/দক্ষিণখান/মনিপুর/উত্তরখান/বান্ডা/উত্তরা(পশ্চিম)/ জোয়ারসাহারা)/ প্রশিক্ষণ ও উন্নয়ন/মনিটরিং সেল/ সংগ্রহ/সেন্ট্রাল স্টোর/গ্রীড এন্ড প্রটেকশন/মিটার প্ল্যান্ট/এমভি এসএস এমসি/টেস্টিং এন্ড রিপেয়ারিং)/ব্যবস্থাপক (সাব-স্টোর)।


হইতে : মহাব্যবস্থাপক (প্রশাসন)।

বিষয় : ডেসকোর বিভিন্ন কমিটির সদস্যগণের সম্মানী প্রদান সংক্রান্ত নীতিমালা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেসকোর বিভিন্ন কমিটির সদস্যগণের সম্মানী প্রদান সংক্রান্ত অনুমোদিত নীতিমালা এতসদসঙ্গে সংযুক্ত করতঃ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রেরণ করা হলো।

এই আদেশ ২৫/০২/২০১৪ ইং তারিখ হতে কার্যকর হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


০১ (মোঃ সাফিকুল ইসলাম চৌধুরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

সংযুক্তি : বিভিন্ন কমিটির সম্মানী প্রদান সংক্রান্ত অনুমোদিত নীতিমালা (৫ পৃষ্ঠা)।

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ০১। নির্বাহী পরিচালক (প্রশাসন/ইঞ্জিনিয়ারিং/অপারেশন/সংগ্রহ/অর্থ ও হিসাব)।
- ০২। স্টাফ অফিসার টু এমডি।
- ০৩। অফিস কপি।

ডেসকোর্'র বিভিন্ন কমিটির সদস্যগণের সম্মানী প্রদান সংক্রান্ত নীতিমালা

১.০ নীতিমালার নাম

এই নীতিমালা “ডেসকোর্'র বিভিন্ন কমিটির সদস্যগণের সম্মানী প্রদান সংক্রান্ত নীতিমালা” নামে অভিহিত হবে।

২.০ প্রাপ্যতা

নিম্নলিখিত বিষয়াদি যথাযথভাবে নিশ্চিত করা স্বাপেক্ষে কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট কমিটির জন্য নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেন :

২.১ প্রশাসন বিভাগ কর্তৃক দপ্তরাদেশ জারির মাধ্যমে কমিটি গঠিত হতে হবে।

২.২ নির্ধারিত সময়সীমার মধ্যে কমিটি কর্তৃক প্রতিবেদন প্রণয়ন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে তা দাখিল করতে হবে।

২.৩ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোন কো-অপট সদস্য কমিটিতে অন্তর্ভুক্ত হলে অন্যান্য সদস্যদের সমহারে সম্মানী প্রাপ্য হবেন।

২.৪ Single Stage, Two Envelope সহ Single Stage, Two Envelope (in Multiple Groups/ Lots) এর বিপরীতে প্রাপ্ত দরপত্র (সমূহ) মূল্যায়নের ক্ষেত্রে সকল কারিগরী প্রস্তাব (Technical Proposal) অকৃতকার্য হিসাবে বিবেচিত হওয়ার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট আর্থিক প্রস্তাব (Financial Proposal) মূল্যায়নের প্রয়োজন না পড়লে সেক্ষেত্রে সদস্যগণ Single Stage, One Envelope এর জন্য ধার্যকৃত হারে সম্মানী প্রাপ্য হবেন। তবে, Single Stage, Two Envelope (in Multiple Groups/ Lots) এর ক্ষেত্রে অত্র নীতিমালার উপ-অনুচ্ছেদ ৩.১ এর দ্রষ্টব্য অংশে বর্ণিত সম্মানী সংক্রান্ত শর্তাবলী যথারীতি বহাল থাকবে।

৩.০ সম্মানীর হার

ডেসকোর নিম্ন বর্ণিত বিভিন্ন কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট কমিটির জন্য নির্ধারিত হারে সম্মানী প্রাপ্য হবেনঃ

০১। দরপত্র (সাধারণ) মূল্যায়ন এর জন্য (TEC) এর সম্মানীর হার :

বিভিন্ন সময়ে দরপত্রের মাধ্যমে ডেসকোর যাবতীয় মালামাল ক্রয়, সেবা (সার্ভিস) গ্রহণ ও পূর্ত কাজ সম্পন্ন করা হয়। প্রতিটি দরপত্রে প্রাপ্ত দর প্রস্তাব এর কারিগরী ও আর্থিক প্রস্তাব মূল্যায়নের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

No of Tenders	Single Stage, One Envelope		Single Stage, Two Envelope (Common Technical Proposal for Multiple Groups)		Single Stage, Two Envelope (Separate Technical & Financial Proposal)	
	Local	International	Local	International	Local	International
01-10 Nos.	Tk. 2,500	Tk. 3,000	Tk. 3,000	Tk. 4,000	Tk. 4,000	Tk. 5,000
11 and above	Tk. 3,500	Tk. 3,500	Tk. 3,500	Tk. 4,500	Tk. 4,500	Tk. 5,500

০২। Turnkey দরপত্র মূল্যায়নের জন্য (TEC) এর সম্মানীর হার :

প্যাকেজ	স্থানীয় দরপত্র (সদস্য প্রতি)	আন্তর্জাতিক দরপত্র (সদস্য প্রতি)
		টঃ ১০,০০০

০৩। দরপত্র মূল্যায়নের জন্য কারিগরী উপ-কমিটির (TSC) এর সম্মানীর হার :

ডেসকোর প্রতিটি দরপত্রে কিছু কিছু ক্ষেত্রে দরদাতাগণ নমুনা দাখিল করে থাকেন। প্রাপ্ত নমুনা সমূহ ল্যাবরেটরীতে পরীক্ষা এবং গুণগতমান যাচাইয়ের জন্য কারিগরী উপ-কমিটি গঠন করা হয়। এইরূপ কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

No. of Samples	For Physical Inspection Only	For Physical Inspection and Performance Test
01-15 Nos.	Tk. 2,000	Tk. 3,000
16 and above	Tk. 2,500	Tk. 4,000

০৪। দরপত্র খোলার জন্য কমিটি (TOC) এর সম্মানীর হার :

ডেসকোর যাবতীয় মালামাল ক্রয়, সার্ভিস ও পূর্ত কাজের আহবানকৃত দরপত্র সমূহ একটি নির্দিষ্ট দিনে টেন্ডার ওপেনিং কমিটির মাধ্যমে গ্রহণ করা ও খোলা হয়। দরপত্র ওপেনিং কমিটির সকল সদস্যগণ জনপ্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন। তবে COSS ও LEM এর ক্ষেত্রে দরপত্রের সংখ্যা ২০ এর অধিক হলে জনপ্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন।

০৫। টেন্ডার ডকুমেন্ট রিভিউ করার জন্য (TDRC) এর সম্মানীর হার :

ডেসকোর যাবতীয় মালামাল ক্রয়, সার্ভিস ও পূর্ত কাজের টেন্ডার ডকুমেন্ট যাবতীয় নিয়ম অনুসরণ পূর্বক তৈরী করা হয়েছে কিনা, ডকুমেন্টে কোনরূপ সংশোধনী প্রয়োজন কিনা তা পরীক্ষা পূর্বক নিশ্চিত করার জন্য টেন্ডার ডকুমেন্ট রিভিউ কমিটি গঠন করা হয়। টেন্ডার ডকুমেন্ট রিভিউ কমিটির সকল সদস্যগণ প্রতিটি টেন্ডার ডকুমেন্টের জন্য জনপ্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন।

০৬। Condemnation কমিটির সম্মানীর হার :

ডেসকো'তে অব্যবহৃত/বিনষ্ট/অকেজো মালামাল Condemnation ঘোষণা করার জন্য একটি অনুমোদিত নীতিমালা রয়েছে। উক্ত নীতিমালায় মালামালের ধরন ও প্রকৃতি অনুযায়ী মালামাল Condemnation ঘোষণা করার জন্য ০৩ (তিন) টি স্ট্যান্ডিং কমিটি গঠন করা আছে। নীতিমালায় বর্ণিত কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
a) Condemnation Committee-I	টঃ ২,০০০
b) Condemnation Committee-II	
c) Condemnation Committee-III	টঃ ১,৫০০

০৭। Disposal কমিটির সম্মানীর হার :

ডেসকো'তে অব্যবহৃত/বিনষ্ট/অকেজো মালামাল Disposal করার জন্য একটি অনুমোদিত নীতিমালা রয়েছে। উক্ত নীতিমালায় মালামালের ধরন ও প্রকৃতি অনুযায়ী মালামাল Disposal করার জন্য ০২ (দুই) টি স্ট্যান্ডিং কমিটি গঠন করা আছে। নীতিমালায় বর্ণিত কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
a) Disposal Committee-I	টঃ ২,০০০
b) Disposal Committee-II	টঃ ১,৫০০

০৮। Pay Fixation কমিটির সম্মানীর হার :

নতুন Pay Structure ঘোষণা করা হলে সকল কর্মকর্তা/ কর্মচারীর জন্য পৃথকভাবে বেতন নির্ধারণ (Pay Fixation) করা হয়ে থাকে। এ ছাড়াও সময়ে সময়ে পদোন্নতি প্রাপ্তি কিংবা অন্য কোন যৌক্তিক কারণে অনেকের Salary Structure পরিবর্তন জনিত কারণে Pay Fixation করা প্রয়োজন হয়। এ ধরনের কাজের জন্য অভিজ্ঞ কর্মকর্তা সমন্বয়ে কমিটি গঠন করা হয়। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিভিন্ন সময় কাজের পরিমাণ ও ধরনের উপর ভিত্তি করে Case to Case এর আলোকে কমিটির সদস্যগণের সম্মানী নির্ধারণ করবেন। তবে এক্ষেত্রে কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা কমপক্ষে ১০ (দশ) জন হতে হবে।

০৯। Recruitment Application যাচাই/ বাছাই কমিটির সম্মানীর হার :

নতুন কর্মকর্তা/ কর্মচারী নিয়োগের ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণ করা হয়ে থাকে। বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক আবেদনপত্র সমূহ যথাযথ আছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য যাচাই বাছাই করা প্রয়োজন হয়। আবেদন পত্র সমূহ অভিজ্ঞ কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে যাচাই বাছাই করা হয়। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিভিন্ন সময় কাজের পরিমাণ ও ধরনের উপর ভিত্তি করে Case to Case এর আলোকে কমিটির সদস্যগণের সম্মানী নির্ধারণ করবেন।

১০। নিয়োগ ও পদোন্নতি কমিটির সম্মানীর হার :

নতুন কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ অথবা পদোন্নতির ক্ষেত্রে সার্ভিস রুলসের আলোকে গঠিত কমিটির মাধ্যমে নিয়োগ/ পদোন্নতি প্রক্রিয়া সম্পন্ন করা হয়। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিভিন্ন সময় কাজের পরিমাণ ও ধরনের উপর ভিত্তি করে Case to Case এর আলোকে কমিটির সদস্যগণের সম্মানী নির্ধারণ করবেন।

১১। Inventory কমিটির সম্মানীর হার : (শুধুমাত্র বাৎসরিক)

ডেসকোর কেন্দ্রীয় ভান্ডার এবং বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগের স্টোর সমূহ প্রতি বৎসর নিয়মিত ভাবে ইনভেন্টরী করা হয়। এছাড়াও যে কোন স্টোর যে কোন সময় ইনভেন্টরী করা প্রয়োজন হতে পারে। ইনভেন্টরীর জন্য পৃথক ইনভেন্টরী কমিটি গঠিত হয়। ইনভেন্টরী কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
কেন্দ্রীয় ভান্ডার/ সাব-স্টোরে সংরক্ষিত সকল মালামালের বাৎসরিক ইনভেন্টরি	টঃ ৩,০০০
প্রতিটি এস এন্ড ডি স্টোরে সংরক্ষিত সকল মালামালের ইনভেন্টরি	টঃ ৫০০

১২। PLI কমিটির সম্মানীর হার :

ডেসকোর প্রতিটি কার্যাদেশ বা ক্রয় চুক্তির বিপরীতে সরবরাহকারী কর্তৃক মালামাল সরবরাহ করা হয়। সরবরাহকৃত মালামাল কার্যাদেশ বা ক্রয় চুক্তিতে বর্ণিত শর্তাবলী এবং স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহ করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য Post Landing Inspection Committee (PLI) গঠন করা হয়। PLI Committee-র সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
প্রতিটি কার্যাদেশ বা ক্রয় চুক্তির বিপরীতে (RFQ ব্যতীত) প্রাপ্ত মালামালের ক্ষেত্রে (তবে ৫০ লক্ষ টাকার কম হলে পারে না)।	টঃ ৫০০

১৩। সাপ্লিমেন্টারী বিল রিভিউ (SBR) কমিটির সম্মানীর হার :

বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগে জারীকৃত সাপ্লিমেন্টারী বিল এর বিষয়ে গ্রাহক কর্তৃক উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করার জন্য সাপ্লিমেন্টারী বিল রিভিউ কমিটি গঠন করা আছে। উক্ত রিভিউ কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

ক) গ্রাহকের নামে জারীকৃত Supplementary bill এর প্রেক্ষিত তাঁর Reveiw আবেদনের প্রতি ২৫ (পঁচিশ) টি আবেদন নিষ্পত্তি করণের পর কমিটির প্রত্যেক সদস্য ১,০০০/- (এক হাজার) টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন।

খ) Supplementary bill reveiw দ্রুত নিষ্পত্তি করণের স্বার্থে কমিটি নূন্যতম মাসে দুইটি সভা এবং প্রয়োজনে জরুরী ভিত্তিতে শুধুমাত্র একটি আবেদন এর ক্ষেত্রেও সভা আহবান করে আপত্তি নিষ্পত্তি করবেন।

১৪। ডেসকোর সম্মানিত শেয়ার হোল্ডারগণের জন্য Annual Report তৈরী করার নিমিত্তে গঠিত কমিটির সম্মানীর হার :

ডেসকোর সম্মানিত শেয়ার হোল্ডারগণের জন্য বছরে ৭/৮ হাজার Annual Report মুদ্রণের লক্ষ্যে ডেসকোর বিভিন্ন দপ্তর হতে তথ্য উপাত্ত সংগ্রহ ও সংকলন করে মুদ্রণ উপযোগী করা এবং খসড়া Annual Report মুদ্রণ অফিসে গিয়ে সংশোধন করে চূড়ান্ত Annual Report প্রস্তুত করণের লক্ষ্যে গঠিত কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
নির্বাহী পরিচালক/ পরিচালক	টঃ ৭,০০০
প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক	টঃ ৬,০০০
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক	
নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক	টঃ ৫,০০০
উপ-বিভাগীয় প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপক	
সহকারী প্রকৌশলী/ সহকারী ব্যবস্থাপক	টঃ ৪,০০০
অন্যান্য	টঃ ৩,০০০

BSA

DE

MS

১৫। পূর্ত নির্মাণ কাজ Taken Over কমিটির সম্মানীর হার :

ডেসকো'র নিজস্ব নির্মিতব্য বিভিন্ন ভবন/ স্থাপনার পূর্ত নির্মাণ কাজ Taken Over কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক	টঃ ১,৫০০
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক	
নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক	টঃ ১,০০০
উপ-বিভাগীয় প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপক	
সহকারী প্রকৌশলী/ সহকারী ব্যবস্থাপক	টঃ ৫০০

১৬। বাৎসরিক শেয়ার লভ্যাংশের পরিমাণ, কর্তনকৃত আয়কর এবং ডিভিডেন্ড ওয়ারেন্ট যাচাই/ বাছাই কমিটির সম্মানীর হার :

ডেসকোর সম্মানিত শেয়ার হোল্ডারগণকে প্রতি বৎসর শেয়ার লভ্যাংশ প্রদান করতে হয়। বার্ষিক সাধারণ সভায় অনুমোদন অনুযায়ী প্রতিজন শেয়ার হোল্ডার এবং উক্ত শেয়ার হোল্ডার এর ধারণকৃত প্রতিটি শেয়ারের বিপরীতে শেয়ার লভ্যাংশের পরিমাণ, কর্তনকৃত আয়কর এবং নীট ডিভিডেন্ডের পরিমাণ নির্ধারণের জন্য কমিটি গঠন করা হয়। এই কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
প্রতি ৫০০ (পাঁচশত) শেয়ার হোল্ডারের জন্য	টঃ ৩০০

১৭। পলিসি কমিটির সম্মানীর হার :

ডেসকোতে প্রচলিত নিয়মের মধ্যে নাই এমন কোন বিষয়ে নীতিমালা প্রণয়নের প্রয়োজন হলে বিশেষায়িত দক্ষতা/অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা সমন্বয়ে কমিটি গঠন করা হয়। এই কমিটির সদস্যগণ নিম্নোক্ত হারে সম্মানী প্রাপ্য হবেন।

বিবরণ	সদস্য প্রতি
ব্যবস্থাপনা পরিচালক	টঃ ৫,০০০
নির্বাহী পরিচালক/ পরিচালক	
প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক	টঃ ৪,০০০
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক	
নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক	টঃ ৩,০০০
উপ-বিভাগীয় প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপক	
সহকারী প্রকৌশলী/ সহকারী ব্যবস্থাপক	

১৮। বোর্ড কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত ডেসকোর কর্মকর্তাগণের সম্মানীর হার :

বোর্ড কর্তৃক গঠিত কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত ডেসকোর কোন নির্বাহী পরিচালক বা কোন কর্মকর্তা (কিন্তু বোর্ডের সদস্য নয়) বোর্ড কমিটিতে অন্তর্ভুক্ত হলে বোর্ড সদস্যের সমহারে অর্থাৎ জন প্রতি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সম্মানী পাবেন।

১৯। নিয়োগ সংক্রান্ত কাজে প্রশ্নপত্র তৈরীর জন্য সম্মানীর হার :

ডেসকোতে বিভিন্ন পদে লোকবল নিয়োগ করতে হলে যদি প্রশ্নপত্র নিজেরা তৈরী করা হয় তাহলে প্রত্যেক প্রশ্ন প্রস্তুতকারী কর্তৃক ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে সম্মানী পাবেন।

২০। নিয়োগ সংক্রান্ত পরীক্ষার খাতা দেখার জন্য সম্মানীর হার :

ডেসকো'তে বিভিন্ন পদে লোকবল নেওয়ার জন্য নিজেরা পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করলে পরীক্ষার খাতাপত্র দেখার জন্য প্রত্যেক সদস্যকে ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানী প্রদান করা যেতে পারে।

২১। মৌখিক পরীক্ষা নেওয়ার জন্য সম্মানীর হার :


কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগের লক্ষ্যে মৌখিক পরীক্ষা নেওয়ার জন্য প্রত্যেক সদস্যকে নিম্নলিখিতভাবে সম্মানী প্রদান করা প্রদান করা যেতে পারে :


বিবরণ	সদস্য প্রতি
ব্যবস্থাপনা পরিচালক	টঃ ২,৫০০
নির্বাহী পরিচালক/ পরিচালক	
প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক	টঃ ২,০০০
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক	
নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক	টঃ ১,০০০
উপ-বিভাগীয় প্রকৌশলী/ উপ-ব্যবস্থাপক	
সহকারী প্রকৌশলী/ সহকারী ব্যবস্থাপক	
অন্যান্যদের	

২২। নেগোসিয়েশন কমিটির জন্য সম্মানীর হার :

সরাসরি ক্রয় পদ্ধতির আওতায় মালামাল ক্রয়ের ক্ষেত্রে অনেক সময় নেগোসিয়েশন কমিটি গঠন করা হয়। এই কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহিত আলোচনা বা নেগোসিয়েশন পূর্বক দাখিলকৃত প্রস্তাব আলোচনার মাধ্যমে প্রকৃত মূল্য নির্ধারণ করে থাকে। উল্লেখ্য, ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক মালামাল ক্রয়ের ক্ষেত্রে কমিটির সকল সদস্যকে নিম্নে বর্ণিত হারে সম্মানী প্রদান করা যেতে পারে :

বিবরণ	সদস্য প্রতি
ব্যবস্থাপনা পরিচালক	টঃ ২,০০০
নির্বাহী পরিচালক/ পরিচালক	
প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপক	টঃ ১,৫০০
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক	
নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক	টঃ ১,০০০


২০.২.১৪
Engr. Md. Abdur Rauf
Sub Divisional Engineer (E&D)
HRM Division, DSR


Md. Rashidur Rahman
SE (Admin), DESCO